দৈনিক
জনকণ্ঠ

তারিখ ·· 08 DEC 2017 ···
পৃষ্ঠা ··· ১১ ·· কলাম ··· ২ ······



**বরিশাল:** আড়িয়াল খাঁ নদীতে ভাসমান স্কুল -জনকণ্ঠ

# বরিশালে ভাসমান স্কুল উদ্বোধন

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** জেলার বাবুগঞ্জ উপজেলার মীরগঞ্জ ফেরিঘাট এলাকার আড়িয়ালখাঁ নদীতে নৌকায় বসবাসরত বেদে সম্প্রদায়ের শিশুদের লেখাপড়ার জন্য ভাসমান স্কুল উদ্বোধন করা হয়েছে। বুধবার সন্ধ্যায় ভাসমান স্কুলের উদ্বোধন করেছেন সংসদ সদস্য এ্যাডভোকেট শেখ মোঃ টিপু সুলতান। অস্ট্রেলিয়ান হাই কমিশনের সহযোগিতায় ভলান্টারি অর্গানাইজেশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (ভিওএসডি) এ ভাসমান স্কুল কার্যক্রম শুরু করে। স্কুলটিতে ৬০ জন শিক্ষার্থী রয়েছে। তাদের প্রত্যেককে বিনামূল্যে বই ও লেখাপড়ার সুযোগ দেয়া হবে। প্রতিদিন দুপুর দুইটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত ক্লাস চলবে। ভিওএসডি এর মনিটরিং অফিসার এসএম নিজামউদ্দিন জানান, ভাসমান বেদে সম্প্রদায়ের শিশুদের জন্য এ স্কুল তৈরি হলেও এখানে জেলেদের এবং নদীতীরবর্তী দরিদ্র জনগোষ্ঠীর সন্তানরা লেখাপড়ার সুযোগ পাবে। তিনি আরও জানান, বরিশালে পাঁচটি নৌকায় এ ভাসমান স্কুল করা হচ্ছে। যার মধ্যে বাবুগঞ্জ উপজেলার মীরগঞ্জ ফেরিঘাটে একটি, আগরপুরে একটি ও বানারীপাড়া লঞ্চঘাট সংলগ্ন এলাকায় একটি স্কুল ইতোমধ্যে চালু হয়েছে। বাকি দুইটির মধ্যে একটি উজিরপুর ও একটি বানারীপাড়ায় চালু করা হবে। প্রতিটি নৌকায় একশত শিক্ষার্থী একসাথে পড়াশুনার সুযোগ পাবে। প্রতিটি নৌকায় একজন করে শিক্ষক রয়েছেন। প্রতি শিফটে ৩০ জনের অধিক শিক্ষার্থী থাকবে। মীরগঞ্জ ফেরিঘাট এলাকার আড়িয়ালখাঁ নদীতে ভাসমান স্কুল উদ্বোধনী অনুষ্ঠানে রহমতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সরোয়ার মাহমুদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাঈদুজ্জামান খান, অধ্যাপক গোলাম হোসেন, বাবুগঞ্জ থানার ওসি আব্দুস সালাম।